

জার্মান দূতাবাসে এস্তোনিয়ার শেনজেন ভিসা সীমিত

- A Monitor Desk Report

Date: 19 March, 2025



ঢাকা : শেনজেন ভিসায় এস্তোনিয়া ভ্রমণে আবেদনকারীদের উদ্দেশে ঢাকার জার্মান দূতাবাস জানিয়েছে, বর্তমানে দূতাবাসে এস্তোনিয়ার শেনজেন ভিসা সীমিত।

বুধবার (১৯ মার্চ) এক নোটিশে এই তথ্য জানিয়েছে ঢাকার জার্মান দূতাবাস।

দূতাবাসের বার্তায় বলা হয়েছে, দায়িত্বরত জার্মান দূতাবাসে এস্তোনিয়ার শেনজেন ভিসার আবেদন সীমিত। জার্মান দূতাবাস কেবলমাত্র আবেদনকারীদের নির্দিষ্ট বিভাগের জন্য এস্তোনিয়ার শেনজেন ভিসা প্রক্রিয়া করে থাকে।

এস্তোনিয়ার শেনজেন ভিসার আবেদনের জন্য উপযুক্তদের দূতাবাসের ওয়েবসাইট দেখার পরামর্শ দেওয়া হয়েছে বার্তায়।

-B